AP
20/10/2026

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

ফিনিক্স রোড, ফুলবাড়িয়া,
নগর ভবন, ঢাকা।
www.dscc.gov.bd

স্মারক সংখ্যা : ৪৬.২০৭.০০০.০৩.০২.৩৮.২০১৯-৮৮৮

তারিখঃ ২৬ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
২০ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের ০৬.১০.২০২৬ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৭০.১১.০৯১.১৮.৯০০ নম্বর স্মারকে অনুমোদনের প্রেক্ষিতে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের রাজস্বখাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

নং	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল/২০২৬ অনুযায়ী)	পদের সংখ্যা	বয়স সীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	২	৩	৪	৫
১.	গাড়ী চালক (ভারী) ২১,২০০-৫২,৯০০/- (১৬তম গ্রেড)	২০ (বিশ) টি	১৮-৩২ বছর	অষ্টম শ্রেণী বা কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং বৈধ লাইসেন্সসহ ভারী যানবাহন চালানোর বাস্তব অভিজ্ঞতা।

নিম্নলিখিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবেঃ

(১) ০২/১১/২০২৬ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮ থেকে ৩২ বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

(২) সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে;

(৩) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে;

(৪) আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, বয়স, নিজ জেলার নাম, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে;

(৫) আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:

(ক) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা বা সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্র (ভোটার আইডি কার্ড) বা জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত ফটোকপি;

(খ) শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা (যদি থাকে) সনদপত্রের সত্যায়িত ফটোকপি;

(গ) আবেদনপত্রের সাথে সংযুক্ত সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি এবং সদ্য তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট আকারের রঙিন ছবি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবী সম্বলিত সিল অবশ্যই থাকতে হবে;

(ঘ) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যা হলে মুক্তিযোদ্ধা সনদ (মন্ত্রণালয়ের সনদ, বামুস সনদ), মুক্তিবার্তা/গেজেট নম্বর ও তারিখ এবং মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হিসেবে চাকুরি প্রার্থীদের ক্ষেত্রে উপরোক্ত কাগজসহ প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা সম্পর্কের প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র। প্রার্থী এবং তার পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

(৬) প্রশাসক, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অনুকূলে যেকোন অনুমোদিত তফসিলভুক্ত ব্যাংক হতে ১০০/- (একশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে;

(৭) প্রার্থীর নিজ ঠিকানা উল্লেখপূর্বক সরকার নির্ধারিত ডাকটিকেটসহ ফেরত খাম (সাইজ ৯" × ৪") সংযুক্ত করতে হবে;

(৮) আবেদনকারী বিভাগীয় প্রার্থী হয়ে থাকলে তার নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে;

(৯) সচিব, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন বরাবর আবেদন করতে হবে এবং আবেদনপত্রের খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে। ০২.১১.২০২৬ তারিখ হতে ২৩.১১.২০২৬ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত সময়ে সচিব, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন বরাবর ডাকযোগে আবেদনপত্র প্রেরণ করতে হবে। সরাসরি দাখিলকৃত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে;

(১০) আবেদনকারী তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার তথ্য আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে;

(১১) নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির অধিকার সংরক্ষণ করেন;

-২-

bekarsfeed bekarsfeed.com

(১৩) লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;
(১৪) নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/প্রত্যাহারের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;
(১৫) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ওয়েব সাইটে (www.dscc.gov.bd) এ নিয়োগ বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে;
(১৬) নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;
(১৭) উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে;

২৯/১০/২৫
(মো: মশিউর রহমান খান)
সচিব
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

স্মারক সংখ্যা : ৪৬.২০৭.০০০.০৩.০২.৩৮.২০১৯-৮৮৮ তারিখঃ ১৬ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
২৯ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় প্রধান (সকল).....ঢাদসিক।
৩। প্রশাসকের একান্ত সচিব, ঢাদসিক (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। সিস্টেম এনালিস্ট, ঢাদসিক [এ বিজ্ঞপ্তিটি এবং অনলাইনে আবেদন করার বিস্তারিত নিয়মাবলী ঢাদসিক এর বাতায়নে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।
৫। জনসংযোগ কর্মকর্তা, ঢাদসিক [এ বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজি দৈনিক জাতীয় পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।
৬। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, ঢাদসিক (প্রধান নির্বাহী কর্মকর্তার সদয় অবগতির জন্য)।
৭। সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২ ও ৩, ঢাদসিক।
৮। সহকারী সচিব, সাধারণ প্রশাসন শাখা, ঢাদসিক (তিনি এ বিজ্ঞপ্তিটি নগর ভবন নোটিশ বোর্ডে সাঁটানোর ব্যবস্থা গ্রহণ করবেন)।
৯। অফিস কপি (নথি নম্বর-৪৬.২০৭.০০০.০৩.০২.৩৮.২০১৯ তারিখঃ ০৪.১১.২০১৯খ্রি.)।

২৯/১০/২০২৬
(মো: বাবর আলী সরকার)
সহকারী সচিব
সংস্থাপন শাখা-২
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

bekarsfeed.com